# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৩৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যখন কোন মুসলিম ব্যক্তি ঈমানসহ সাওয়াবের আশায় রমযান মাসে কিয়াম করবে, মহান আল্লাহ তার পূর্বের সমস্ত গোনাহ ক্ষমা করে দিবেন

## ذِكْرُ مَغْفِرَةِ اللَّهِ جَلَّ وَعَلَا مَا قدمَ مِنْ ذُنُوبِ الْمَرْءِ الْمُسْلِمِ إِذَا قَامَ رَمَضَانَ إِيمَانًا وَاحْتِسَابًا فِيهِ

---

আরবী

2537 - أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ حَدَّثَنَا حَرْمَلَةُ حَدَّثَنَا ابْنُ وَهْبٍ أَخْبَرَنِي يُونُسُ عَنِ ابْنِ شِهَابٍ أَخْبَرَنِي أَبُو سَلَمَةَ بْنُ عَبْدِ الرَّحْمَنِ أَنَّ أَبَا هُرَيْرَةَ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ لِرَمَضَانَ: (مَنْ قَامَهُ إِيمَانًا وَاحْتِسَابًا غُفِرَ لَهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِهِ)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2537 | خلاصة حكم المحدث: صحيح - ((الإرواء)) (906)، ((صحيح أبي داود)) (1242).

قَالَ أَبُو حَاتِمٍ: الِاحْتِسَابُ: قَصْدُ الْعَبِيدِ إِلَى بَارِئِهِمْ بِالطَّاعَةِ رَجَاءَ الْقَبُولِ

বাংলা

২৫৩৭. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রমযান উপলক্ষ্যে বলেছেন, “যে ব্যক্তি ঈমানসহ সাওয়াবের আশায় রমযান মাসে কিয়াম (তারাবীহ/কিয়ামুল লাইল) করে, তার পূর্বের সমস্ত গোনাহ ক্ষমা করে দেওয়া হয়।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “ইহতেসাব হলো: বান্দা তার প্রভুর নিকট আনুগত্যসহকারে এমনভাবে আমল করে, যাতে তার উদ্দেশ্য হয় শুধুই আল্লাহর সন্তুষ্টি ও প্রতিদান লাভ।

ফুটনোট

[1] নাসাঈ: ৪/১৫৫; সুনান বাইহাকী: ২/৪৯২; মুয়াত্তা ইমাম মালিক: ১/১১৩; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৭১৯;

আবূ দাউদ: ১৩৭১; সহীহ ইবনু খুযাইমাহ: ২২০২; মুসনাদ আহমাদ: ২/২৮১; সহীহ আল বুখারী: ২০০৮; সহীহ মুসলিম: ৭৫৯; তিরমিযী: ৮০৮; দারেমী: ২/২৬; ইবনু মাজাহ: ১৩২৬; বাগাবী: ১৭০৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৯০৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91863

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন